

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৪৫.২৫.

৫০৫-৬/৩

অফিস আদেশ

তারিখ:

২৪ চৈত্র ১৪৩২  
০৭ এপ্রিল ২০২৬

যেহেতু জনাব মোঃ রাশিদুল ইসলাম, অফিস সহায়ক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে বিগত ১০.১১.২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিনের উর্ধ্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.০৬১.০০০০.০০৪.১৮.৭৬৩.১১.১১১৫(২)-এ/ও, তারিখ: ৩০.০৭.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক পলায়ন (desertion) এর অভিযোগে ০১ (২৫-২৬) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রাশিদুল ইসলাম ২৯.০৯.২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ১১.০১.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু তীর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪৫.২৫.বিমা-০১(২৫-২৬)-৭৯(৬)-এ/ও; তারিখ: ১৪.০১.২০২৬ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তীর বিরুদ্ধে আনীত পলায়ন (desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪৫.২৫.৩৪৭(৩)-এ/ও, তারিখ: ২৫.০২.২০২৬ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে তিনি ২৬.০২.২০২৬ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন, যা সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু তার জবাব ও শুনানি সন্তোষজনক নয়, পলায়নের অভিযোগ অর্থাৎ ১০.১১.২০২৪ হতে ২৩.০২.২০২৫ পর্যন্ত desertion ছিল মর্মে প্রমাণিত;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব, তদন্ত প্রতিবেদন এবং ২য় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব মোঃ রাশিদুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মতে 'পলায়ন' (desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তার দোষ স্বীকার এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুসরণে লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব মোঃ রাশিদুল ইসলাম, অফিস সহায়ক, সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন' (desertion) এর অভিযোগে দোষী দসাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) (খ) উপবিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো এবং অনুপস্থিত সময়কাল অর্থাৎ ১০.১১.২০২৪ হতে ২৩.০২.২০২৫ পর্যন্ত পারিবারিক কারণে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ সেলিম ফকির, এনডিসি  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৪৫.২৫.

৫০৫/১(৭)-৬/৩

তারিখ:

২৪ চৈত্র ১৪৩২  
০৭ এপ্রিল ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। মুগ্ধ নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২। উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। জনাব মোঃ রাশিদুল ইসলাম, অফিস সহায়ক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

মোঃ সেলিম ফকির, এনডিসি  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোনঃ ৪৮১১৯৩০৫